**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**25 JUNE 2024** **7:45—7:55 PM IST**

==========================================================================

১। আগামীকাল অষ্টাদশ লোকসভার অধ্যক্ষ পদের নির্বাচন । বিজেপির ওম বিরলা এবং বিরোধি পক্ষের কে সুরেশের অধ্যক্ষ পদের প্রার্থী হিসেবে মনোনয়নপত্র দাখিল ।

২। অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশনের আজ দ্বিতীয় দিনেও নব নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ ।

৩। ১৯৭৫ সালের জরুরী অবস্থার বিরোধিতা করা সব মহান ব্যক্তিদের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার শ্রদ্ধার্ঘ্য নিবেদন ।

৪। জাতীয় পরীক্ষণ সংস্থা (এন টি এ)’র মাধ্যমে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য গঠন করা উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটির আজ প্রথম বৈঠক সম্পন্ন ।

---

বিজেপির প্রবীণ নেতা তথা লোকসভার প্রাক্তন অধ্যক্ষ ওম বিরলাকে অষ্টাদশ লোকসভার অধ্যক্ষ পদের জন্য এন ডি এ মিত্রজোটের প্রার্থী হিসেবে বাছাই করা হয়েছে এদিকে বিরোধি আই এন ডি আই মিত্রজোট কংগ্রেস দলের কে সুরেশকে অধ্যক্ষ পদের জন্য বাছাই করেছে ।উভয় প্রার্থী

আজ মনোনয়নপত্র দাখিল করেছেন ।আগামীকাল লোকসভার অধ্যক্ষ পদের নির্বাচন অনুষ্ঠিত হবে ।এর পূর্বে সরকার এবং বিরোধি পক্ষ অধ্যক্ষ পদের প্রার্থী নিয়ে সহমতে উপনীত হতে ব্যর্থ হয়েছে ।আজ সংসদভবনের বাইরে সাংবাদিকদের সঙ্গে কথা বার্তায় কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েল বলেন যে তিনি কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং ,অমিত শাহ সহ কংগ্রেস দলের নেতা কে সি বেণুগোপাল এবং ডি এম কের টি আর বালুর সঙ্গে এই বিষয় সম্পর্কে এক বৈঠকে মিলিত হন তবে বিরোধি পক্ষ শ্রী বিরলার প্রতি সমর্থন জানানোর পূর্বে উপাধ্যক্ষের নাম ঘোষণা করার দাবী জানায় ।শ্রী গোয়েল বলেন উপাধ্যক্ষ নির্বাচনের সময় বিষয়টি নিয়ে আলোচনা করা হবে বলে বিরোধি পক্ষকে অবগত করানো হয়েছে । অধ্যক্ষ নির্বাচনের বিষয়ে বিরোধি পক্ষ কিছু সর্ত আরোপ করেছে যা সরকার প্রত্যাখ্যান করেছে বলে শ্রী গোয়েল জানান ।এদিকে কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী বলেন যে বিরোধি পক্ষ অধ্যক্ষ পদের প্রার্থীকে সমর্থন দিতে প্রস্তুত তবে সেই ক্ষেত্রে উপাধ্যক্ষ পদের প্রার্থী বিরোধি পক্ষের হতে হবে ।সংসদ ভবন প্রাঙ্গনে আজ সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় শ্রী গান্ধী বলেন যে কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগের সঙ্গে সাক্ষাৎ করে অধ্যক্ষ পদের প্রার্থীকে সমর্থন দেবার আহ্বান জানান ।

---

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশনের আজ দ্বিতীয় দিনেও নব নির্বাচিত সদস্যরা শপথ গ্রহণ করেছেন ।এদের  মধ্যে পাঞ্জাবের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা কংগ্রেস সাংসদ চরণজিৎ সিং চান্নি ,কংগ্রেসের ডঃ শোভা বচ্ছব ,বলবন্ত বাসবন্ত ওয়াংখেরে ,শ্যাম কুমার দৌলত বারওয়ে ,বিজেপির স্মিতা উদয় ওয়াঘ , অনুপ সঞ্জয় ধোত্রেই , শিবসেনার ডঃ শ্রীকান্ত একনাথ সিন্দে , এন সিপি শরদ পাওয়ার গোষ্ঠির সুপ্রিয়া সুলে , আমোল খোলে , শিরোমনি আকালি দলের হরসিমরত কৌর বাদল অন্যতম ।উল্লেখ্য গতকাল ২৬৬জন

সাংসদ শপথ গ্রহণ করেছিলেন ।রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু আগামীকাল সংসদের উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন ।

---

আগামী পয়লা জুলাই থেকে দেশে বলবৎ হওয়া নতুন ফৌজদারী আইন সম্পর্কে আজ প্রেস ইনফরমেশন ব্যুরোর উদ্যোগে গৌহাটীর উলুবাড়ীতে আসাম পুলিশের মূখ্য কার্যালয়ে একটি সংবাদমাধ্যমের কর্মশালা অনুষ্ঠিত হয় । এই কর্মশালায় পি আই বি উত্তর-পূর্বাঞ্চল মন্ডলের সঞ্চালক প্রধান কে সতীশ নাম্বুদিরিপাদ ,আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার অতিরিক্ত সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তা সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে অতিরিক্ত সঞ্চালক প্রধান শ্রী গুপ্তা বলেন যে নতুন তিনটি আইন ভারতীয় ন্যায় সংহিতা ,ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়মের মাধ্যমে নাগরিকদের ন্যায় প্রদানের প্রয়াস হাতে নেওয়া হয়েছে । নতুন আইনে মহিলা ও শিশুর বিরুদ্ধে অপরাধের জন্য বিশেষ অধ্যায় অর্ন্তভুক্ত করা হয়েছে ।এক্ষেত্রে দুমাসের মধ্যে তদন্ত করে অভিযোগনামা দাখিলের ব্যাবস্থা সহ শূণ্য সহনশীল নীতিতে গণধর্ষণের মতো ঘটনায় জড়িতদের মৃত্যুদন্ডের বিধান রাখা হয়েছে । নতুন আইনে ইলেক্ট্রনিক মাধ্যমে এজাহার দাখিলের ব্যাবস্থা ,যেকোনো থানাতে ভুক্তভোগীদের এজাহার দাখিলের ব্যাবস্থা , ফরেনসিক বিজ্ঞান ও প্রযুক্তির মাধ্যমে তদন্ত করা ,অডিও ভিডিও র  আধ্যমে স্বীকারোক্তি গ্রহণ করা ইত্যাদি বেশকয়েকটি নতুন ব্যাবস্থা অর্ন্তভুক্ত করা হয়েছে ।

---

রাজ্য সরকারের প্রজ্ঞান ভারতী প্রকল্পের অধীনে কলেজ পর্যায়ে বিনামূল্যে নামভর্তির সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীরা পিতা-মাতার আয়ের প্রমাণপত্রের পরিবর্তে পরিবারের রেশন কার্ডও দাখিল করতে পারবে ।মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল একথা ঘোষণ করেন । তিনি বলেন যে এসম্পর্কে কলেজ কর্তৃপক্ষদের নির্দেশ দেওয়া হয়েছে । শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু জানান যে এই

প্রকল্পের অধীনে প্রাদেশিকীকৃত তথা সরকারী কলেজগুলি ও রাজ্য বিশ্ববিদ্যালয়গুলিতে ৪ বছরের স্নাতক পাঠ্যক্রমে প্রায় ৫৭ হাজারেরও অধিক শিক্ষার্থী নামভর্তি করেছে । তিনি বলেন যে আরো ৫০ হাজার শিক্ষার্থী এই প্রকল্পের সুবিধা লাভ করবে বলে আশা করা হচ্ছে ।

---

১৯৭৫ সালের জরুরী অবস্থার বিরোধিতা করা সব মহান ব্যাক্তিদের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন । শ্রী মোদী সামাজিক মাধ্যমে জরুরীকালীন অবস্থা ঘোষনা করার জন্য কংগ্রেস দলের সমালোচনা করে বলেন যে এই মানসিকতা দলটির মধ্যে এখনও বিদ্যমান রয়েছে ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে আজকের দিনটিতে দেশের গণতন্ত্র এক কালো অধ্যায়ের সাক্ষী হয়েছিলো । এই জরুরীকালীন কালো অধ্যায়ের বিরুদ্ধে লড়াই করা মহান ব্যাক্তিদের স্মৃতিতে মূখ্যমন্ত্রী শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

---

করিমগঞ্জ জেলা বি জে পির উদ্যোগে আজ কালো দিবস উদযাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্যের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় বক্তারা ১৯৭৫ সালের আজকের দিনটিকে স্মরণ করে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । প্রবীন বি জেপি নেতা মিশন রঞ্জন দাস ,বিশ্বরূপ ভট্টাচার্য্য সহ দলীয় কর্মকর্তারা সভায় অংশগ্রহণ করেন ।

---

রাষ্ট্রীয় পরীক্ষণ সংস্থা ( এন টি এ ) ’র মাধ্যমে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য গঠন করা উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটির প্রথম বৈঠক আজ সম্পন্ন হয়েছে । আজ নতুনদিল্লীতে কমিটির অধ্যক্ষ ডঃ কে রাধাকৃষ্ণন সাংবাদিকদের জানান যে কমিটির প্রথম অগ্রাধিকার হচ্ছে

ছাত্রছাত্রী এবং অভিভাবকদের কাছ থেকে পরামর্শ গ্রহণ করা ।তিনি বলেন যে কমিটি ছাত্রছাত্রীদের অসুবিধা এবং মানসিক চাপ কমানোর লক্ষ্যে শক্তিশালী ও স্বচ্ছ ব্যবস্থা গড়ে তোলার ওপর দৃষ্টি রেখে চলেছে ।আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে সম্প্রতি কেন্দ্রীয় সরকার ইসরোর প্রাক্তন অধ্যক্ষ ডঃ কে রাধাকৃষ্ণণের নেতৃত্বে সাত সদস্যের একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে ।এই কমিটিকে এন টি এ'র পরীক্ষা প্রক্রিয়ায় সংস্কার সাধনের পরামর্শ প্রদান করার দ্বায়িত্ব অর্পন করা হয়েছে যাতে দক্ষতা বৃদ্ধি ও তথ্য সুরক্ষা ব্যবস্থার মান উন্নত হয় ।এই কমিটি বর্তমানের পরীক্ষা প্রক্রিয়া সমুহ মূল্যায়ন , উন্নয়নের পরামর্শ প্রদান এবং এন টি এ'র স্পষ্ট ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ করবে ।এছাড়া কমিটি বর্তমানের অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার মূল্যায়ন করে তা উন্নত করার প্রস্তাব করবে । এই কমিটিকে শিক্ষা মন্ত্রনালয়ের কাছে প্রতিবেদন দাখিল করার জন্য দুমাস সময় দেওয়া হয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র আগামী ২৮ শে জুন পর্যন্ত উপ-হিমালয় পশ্চিমবঙ্গ ,সিকিম , আসাম ,মেঘালয় এবং অরুণাচল প্রদেশে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাসে জানিয়েছে । এছাড়া আগামী ২৭ ও ২৮ শে জুন নাগালেন্ড ,মণিপুর ,মিজোরাম এবং ত্রিপুরায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ লোকসভা নির্বাচনের ইলেকশন এক্সপেনডিচার মনিটরিং সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে নির্বাচনে প্রতিদ্বন্দী প্রার্থী যারা নির্বাচনী ব্যয়ের ভাউচার, এ পি আর সহ হিসাব এখনো জমা করেন নি

, তাদের আগামী দু দিনের মধ্যে নির্বাচনের ব্যয় সংক্রান্ত যাবতীয় তথ্য জমা দিতে হবে ।

---

কাছাড়ের জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ১৯৭১ সালে জেলার যেসব সৈনিক ইষ্টার্ন থিয়েটারে অংশ নিয়েছিলেন এবং পূর্বী স্টারে ভূষিত হয়েছিলেন এবং আগামী ১৬ থেকে ১৯শে ডিসেম্বর পর্য্যন্ত সস্ত্রীক বাংলাদেশ সফর করতে ইচ্ছুক, তাদের আগামী ৩০শে জুনের মধ্যে জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলা পরিষদের অর্ন্তগত গান্ধাই গ্রাম পঞ্চায়েতের গান্ধাই বাজার এবং মালুয়া শ্রীগৌরী গ্রামের সকাইতি ফিশারী বন্দোবস্ত প্রদানের উদ্দেশ্যে পুনরায় দরপত্র আহ্বান করা হয়েছে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে গত ২৫শে মে দরপত্রের বিজ্ঞপ্তী অনুসারে জেলা পরিষদ কর্তৃপক্ষ দ্বারা ওই বাজার দুটি পঞ্চায়েত আইন অনুযায়ী সাব্যস্ত না হওয়ায় পুনরায় দরপত্র আহ্বান করা হয়েছে । ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে আগামীকাল বেলা দুটো পর্য্যন্ত বন্দোবস্ত গ্রহনের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে । বিশদ বিবরন জেলা পরিষদের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---

---